

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
পিরোজপুর সদর, পিরোজপুর
www.doict.sadar.pirojpur.gov.bd

স্মারকঃ ৫৬.০৪.৭৯৮০.০০১.২১.০০১.২৬-০৬

তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

উপজেলা আইসিটি বিষয়ক কমিটির ফেব্রুয়ারি/২০২৬ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর, পিরোজপুর

সভার স্থানঃ উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ

সভার তারিখঃ ২৬/০২/২০২৬

সভাপতি সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। চতুর্থ শিল্পবিপ্লবে যুগোপযোগী বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং এর অগ্রযাত্রায় উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটির সভা মাঠ পর্যায়ে দক্ষ জনবল তৈরিতে ও আইসিটির বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

২। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের স্বপ্রণোদিত কর্মশালা	উপজেলার দপ্তরসমূহ ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের লগইন পাসওয়ার্ড সুরক্ষিত রাখা ও গুরুত্বপূর্ণ তথ্যসমূহ হালনাগাদ করার জন্য উপজেলার দপ্তরসমূহ নিয়ে ওয়েব পোর্টালের স্বপ্রণোদিত ফ্রি কর্মশালা ডিসেম্বর, ২০২৫ মাসে বাস্তবায়িত হয়েছে। স্ব-স্ব দপ্তরকে ওয়েব পোর্টালের লগইন পাসওয়ার্ড সুরক্ষিত রাখা ও গুরুত্বপূর্ণ তথ্যসমূহ হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্ব-স্ব দপ্তর প্রধান গণ। কারিগরি সহায়তায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২.২	ইডিসি প্রকল্পের প্রশিক্ষণ ও ব্যবহার নিমিত্ত তথ্য প্রদান সংক্রান্ত	ইডিসি প্রকল্পের আওতায় ১০০ জন শিক্ষকদের ইন্টারনেট সংযোগ বিষয়ক প্রশিক্ষণ ০৭ জানুয়ারি, ২০২৬ মাসে বাস্তবায়িত হয়েছে। সংযোগপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২.৩	সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত	সরকারি সকল কাজে সরকারিভাবে প্রাপ্ত দাপ্তরিক ই-মেইল ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্ব-স্ব দপ্তর প্রধান গণ।
২.৪	দপ্তরসমূহে দাপ্তরিক কাজে আইসিটি সেবা বৃদ্ধি	সকল সরকারি দপ্তরসমূহে দাপ্তরিক কাজে আইসিটি সেবা বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	স্ব-স্ব দপ্তর প্রধান গণ
২.৫	আইসিটিডি ল্যাব সংক্রান্ত	আইসিটিডি ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা প্রশাসন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২.৬	সাইবার সচেতনতামূলক প্রশিক্ষণ	জনসেবায় সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অপপ্রচার রোধ, দাপ্তরিক আইডি র লগইন পাসওয়ার্ড ও আইসিটি ডিভাইস সুরক্ষিত রাখার বিষয়ে সাইবার সচেতনতামূলক প্রশিক্ষণ ডিসেম্বর, ২০২৫ মাসে বাস্তবায়িত হয়েছে। স্ব-স্ব দপ্তর থেকে সাইবার সচেতনতা প্রচার, প্রসার ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	কারিগরি সহায়তায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২.৭	উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ	হার পাওয়ার প্রজেক্ট এর ফেজ-৩ এর মহিলা ফ্রিল্যান্সিং ব্যাচের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন নিয়মিত গুরুত্ব সহকারে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সভাপতি সকলকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান এবং আলোচ্য বিষয়গুলো গুরুত্ব সহকারে বাস্তবায়ন করার আহবান জানিয়ে সভা সমাপ্ত করেন।

Rashed
২৬/০২/২০২৬
মামুনুর রশীদ
উপজেলা নির্বাহী অফিসার
পিরোজপুর সদর, পিরোজপুর
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
২. জেলা প্রশাসক, পিরোজপুর।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পিরোজপুর।
৪. জেলা আইসিটি অফিসার, পিরোজপুর।
৫. উপজেলা..... কর্মকর্তা, পিরোজপুর সদর।
৬. অফিস কপি।

Satow
২৬.০২.২০২৬
তানজিলা সালওয়া
উপজেলা আইসিটি অফিসার
পিরোজপুর সদর, পিরোজপুর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি